



স্থানীয় সরকার নির্বাচন পরিচালনায় কমিটি গঠন এনসিপি



সংগৃহীত ছবি

আসন্ন স্থানীয় সরকার নির্বাচনকে ঘিরে প্রস্তুতি জোরদার করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। নির্বাচন পরিচালনার জন্য একটি বিশেষ কমিটি গঠনের ঘোষণা দিয়েছে দলটি।

সোমবার (২৩ ফেব্রুয়ারি) রাতে দলীয় দফতর সেলের সদস্য সাদিয়া ফারজানা দিনার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, দলের আহ্বায়ক নাহিদ ইসলাম ও সদস্যসচিব আখতার হোসেনের নির্দেশনায় 'স্থানীয় সরকার নির্বাচন পরিচালনা কমিটি' গঠন করা হয়েছে। এই কমিটির চেয়ারম্যান করা হয়েছে সারজিস আলমকে। সদস্যসচিব হিসেবে দায়িত্ব পেয়েছেন (এমপি) আব্দুল হান্নান মাসউদ। সদস্য হিসেবে রয়েছেন আরিফুল ইসলাম আদীব, আলাউদ্দিন মোহাম্মদ, তাহসীন রিয়াজ এবং অ্যাডভোকেট মঞ্জিলা বুমা।

দলটির কেন্দ্রীয় নেতারা, বিভাগীয় সাংগঠনিক সম্পাদকরা এবং জেলা পর্যায়ের নেতৃবৃন্দ কমিটির কার্যক্রমে সহযোগিতা করবেন বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।